

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়  
কর্মসংস্থান শাখা-০৩  
[www.probashi.gov.bd](http://www.probashi.gov.bd)

নং-৪৯.০০.০০০০.১১২.১২.০২০.১৫.৫৬৭

তারিখ : ১৮ কার্তিক, ১৪২৩  
০৯ নভেম্বর, ২০১৬


পরিপত্র

বিষয় : সালতানাত অব ওমানে মহিলা গৃহকর্মী নিয়োগ সংক্রান্ত গাইডলাইন প্রসঙ্গে।

“বৈদেশিক কর্মসংস্থান ও অভিবাসী আইন, ২০১৩” এর উদ্দেশ্যপূরণকল্পে বাংলাদেশ থেকে সালতানাত অব ওমানে মহিলা গৃহকর্মী প্রেরণের ক্ষেত্রে সকল রিট্রুটিং এজেন্সি, কর্মী এবং সংশ্লিষ্ট নিয়োগকারী প্রতিষ্ঠান কর্তৃক নিম্নবর্ণিত গাইডলাইন আবশ্যিকভাবে পালনীয় হবে :

১. (ক) ওমানে গমনোচ্ছু মহিলা গৃহকর্মীদের ন্যূনতম বয়স ২৫ বছর এবং অনূর্ধ্ব ৪৫ বছর হতে হবে;
- (খ) ন্যূনতম মজুরি ৯০ ওমানি রিয়াল (আনুমানিক ১৮,০০০ টাকা) বা ২৩০ মার্কিন ডলার হতে হবে;
- (গ) নিয়োগকর্তার ন্যূনতম মাসিক বেতন/আয় ১০০০ ওমানি রিয়াল হতে হবে;
- (ঘ) কোন নিয়োগকর্তা তার উপর নির্ভরশীল কোন সদস্যের জন্য মহিলা গৃহকর্মী নিয়োগ করতে চাইলে উক্ত নিয়োগকর্তার মাসিক বেতন/আয় ১২০০ ওমানি রিয়াল হতে হবে;
- (ঙ) ওমানগামী মহিলা গৃহকর্মীগণের নিকট হতে কোন অভিবাসন ব্যয় গ্রহণ করা যাবে না। অভিবাসন সংক্রান্ত যাবতীয় ব্যয় নিয়োগকর্তা বহন করবেন;
- (চ) বিএমইটি কর্তৃক গঠিত প্রাক-বাছাই কমিটির মাধ্যমে ওমানগামী মহিলা গৃহকর্মীগণের প্রকৃত বয়স ও সক্ষমতা যাচাই করা হবে;
- (ছ) ওমানগামী মহিলা গৃহকর্মীগণকে বিএমইটির আওতাধীন কারিগরী প্রশিক্ষণ কেন্দ্র হতে ৩০ (ত্রিশ) দিনের বাধ্যতামূলক প্রশিক্ষণ গ্রহণপূর্বক সনদ গ্রহণ করতে হবে;
- (জ) বিএমইটির বহির্গমন ছাড়পত্র গ্রহণকালে ওমানগামী মহিলা গৃহকর্মীগণের আইনানুগ অভিভাবক (স্বামী/পিতা/মাতা/সহোদর ভাই/শ্বশুর) কর্তৃক ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্প অনাপত্তি সংক্রান্ত স্বাক্ষরিত অঙ্গীকারনামা দিতে হবে;
- (ঝ) চুক্তিপত্রের কোন শর্ত লঙ্ঘন হলে অথবা কর্মীরা সংশ্লিষ্ট কোম্পানীতে/নিয়োগকর্তার নিকট চাকুরী না পেলে অথবা কর্মীকে প্রস্তাবিত বেতন-ভাতা ও অন্যান্য সুযোগ-সুবিধা না দেয়া হলে সংশ্লিষ্ট রিট্রুটিং এজেন্সী কর্মীর থাকা খাওয়ার খরচ ও প্রত্যাবর্তন ব্যয়সহ কর্তৃপক্ষ কর্তৃক আরোপিত ক্ষতিপূরণ প্রদানে বাধ্য থাকবে মর্মে উক্ত রিট্রুটিং এজেন্সিকে ৩০০/= (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্প অঙ্গীকারনামা দাখিল করতে হবে;
- (ঞ) ওমানগামী মহিলা গৃহকর্মীগণকে বহির্গমন ছাড়পত্র গ্রহণের পূর্বেই নিয়োগকর্তা কর্তৃক প্রদত্ত এবং দূতাবাস কর্তৃক সত্যায়িত চুক্তিপত্রে স্বাক্ষর করতে হবে;
- (ট) ওমানগামী মহিলা গৃহকর্মীদের নিরাপদ অভিবাসন, সুরক্ষা প্রদান ও ঝুঁকি মোকাবেলা করার জন্য বীমা কার্যক্রম প্রবর্তনের ব্যবস্থা বিবেচনা করা যেতে পারে।

২। জনস্বার্থে এ পরিপত্র জারী করা হল এবং তা জারীর তারিখ হতে কার্যকর হবে।

  
(সৈমত শাহিনাজ)

সিনিয়র সহকারী সচিব

ফোনঃ ৯৩৫৬৭৩৫

ই-মেইল:sasemployment3@probashi.gov.bd

বিতরণ : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. মহাপরিচালক, জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা (তাদের অধীন সকল কারিগরী প্রশিক্ষণ কেন্দ্রে পরিপত্রের কপি প্রেরণের অনুরোধ করা হলো)।
২. মহাপরিচালক, ওয়েজ আর্নান্স কল্যাণ বোর্ড, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
৩. অতিরিক্ত সচিব (প্রশাসন/কল্যাণ ও মিশন), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
৪. ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ ওভারসিজ এমপ্লয়মেন্ট এন্ড সার্ভিসেস লিঃ, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
৫. ব্যবস্থাপনা পরিচালক, প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
৬. মান্যবর রাষ্ট্রদূত, বাংলাদেশ দূতাবাস, ওমান।
৭. যুগ্মসচিব (সকল), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
৮. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
৯. কাউন্সেলর(শ্রম), বাংলাদেশ দূতাবাস, ওমান।
১০. উপসচিব (সকল), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
১১. উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা (পরিপত্রটি গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
১২. সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়/পররাষ্ট্র মন্ত্রণালয়/স্বরাষ্ট্র মন্ত্রণালয়/বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়/স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়/লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ।
১৩. সিনিয়র সহকারী সচিব (সকল), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
১৪. বাংলাদেশ এসোসিয়েশন অব ইন্টারন্যাশনাল রিক্রুটিং এজেন্সিজ (বায়রা), নিউ ইস্কটন রোড, ঢাকা।
১৫. সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা (পরিপত্রের কপি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৬. অফিস কপি।